



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩২৬৮

তারিখ : ০৯/১১/২০২৩ খ্রি.


অফিস আদেশ

সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮-এর বিধি-০৫ এবং বিধি-০৬-এ বর্ণিত বিধান অনুযায়ী নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন বড়াইগ্রাম সরকারি অনার্স কলেজে বেসরকারী আমলে কর্মরত ৮৪ (চৌরাশি) জন শিক্ষক-কে কলেজ সরকারিকরণের তারিখ (০৮ আগস্ট ২০১৮) হতে রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হয়। সে মোতাবেক নিয়োগকৃত ও কর্মরত শিক্ষক-কর্মচারীগণ যোগদান প্রক্রিয়া সম্পন্ন করেছেন। রাজস্বখাতে অস্থায়ীভাবে যোগদানকৃত শিক্ষকদের মধ্যে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বপ্রাপ্ত জ্যেষ্ঠ শিক্ষক মার্কেটিং বিভাগের সহকারী অধ্যাপক (নন-ক্যাডার) জনাব মোঃ বাদশা উল্লা (০১৭২৪৭)-এর বয়স ১২-০৭-২০২৩ তারিখে ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হয়েছে। কলেজে অধ্যক্ষ/উপাধ্যক্ষ না থাকায় যোগদানকৃত শিক্ষক-কর্মচারীদের হিসাবরক্ষণ অফিসের সাথে বেতন-ভাতা সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে পরবর্তী জ্যেষ্ঠতম শিক্ষক দর্শন বিষয়ের সহকারী অধ্যাপক (নন-ক্যাডার) জনাব মোঃ হবিবুর রহমান (ইনডেক্স-৪০৫৩৮৬)-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বসহ সরকারি ও বিভিন্ন আর্থিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে অধ্যক্ষ/উপাধ্যক্ষ যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ২। কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- ৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



(মোঃ তানভীর হাসান-১৮৩৮৯)

সহকারী পরিচালক (কলেজ-২)

ফোন নং- ৪১০৫০৬২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- ৪) জেলা প্রশাসক -----;
- ৫) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬) উপজেলা নির্বাহী অফিসার-----;
- ৭) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৮) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ৯) জনাব মোঃ বাদশা উল্লা (০১৭২৪৭), বড়াইগ্রাম সরকারি অনার্স কলেজ, বড়াইগ্রাম, নাটোর
- ১০) জনাব মোঃ হবিবুর রহমান (ইনডেক্স-৪০৫৩৮৬), বড়াইগ্রাম সরকারি অনার্স কলেজ, বড়াইগ্রাম, নাটোর;
- ১১) ব্যাংক ম্যানেজার -----;
- ১২) সংরক্ষণ নথি।